

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৪৬৩

আগরতলা, ০৫ মার্চ, ২০১৯

এ বছরের মাধ্যমিক পরীক্ষার্থী ৪৬,৫৮৫ জন

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত ২০১৯ সালের মাধ্যমিক পরীক্ষায় পরীক্ষার্থী রয়েছে ৪৬,৫৮৫ জন। এদের মধ্যে ছাত্র ২১,৭৩৯ জন এবং ছাত্রী রয়েছে ২৪,৮৪৬ জন। মাদ্রাসা পরীক্ষার্থী রয়েছে ৬৫ জন। মোট ৭৬টি পরীক্ষা কেন্দ্রের অন্তর্গত ১৫১টি বিদ্যালয়ে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। জম্মুইজলার শ্রীনগর গাবর্দি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় এবং উদয়পুরের গর্জিবাজার উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে এবারই প্রথম মাধ্যমিক পরীক্ষা কেন্দ্র খোলা হয়েছে। নতুন সিলেবাসযুক্ত মাধ্যমিক পরীক্ষা গত ২ মার্চ শুরু হয়েছে। চলবে ২০ মার্চ পর্যন্ত। এছাড়া পুরনো সিলেবাসে মাধ্যমিক পরীক্ষাও ২ মার্চ শুরু হয়েছে, শেষ হবে ২৮ মার্চ। আলিম (নতুন) এবং আলিম (পুরনো) পরীক্ষাও ২ মার্চ শুরু হয়েছে। চলবে ৩ এপ্রিল পর্যন্ত। আজ ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের কনফারেন্স হলে আয়োজিত সাংবাদিক সম্মেলনে পর্ষদ সভাপতি ড. ভবতোষ সাহা একথা জানান।

তিনি জানান, উচ্চতর মাধ্যমিক পরীক্ষায় মোট পরীক্ষার্থী রয়েছে ২৭,২০৪ জন। এদের মধ্যে ছাত্র ১৩,৯৪০ জন এবং ছাত্রী ১৩,২৬৪ জন। মাদ্রাসা ফাজিল (খিওলোজি ও আর্টস) পরীক্ষায় ছাত্র-ছাত্রী রয়েছে ১৯ জন। রাজ্যে মোট ৫৯টি কেন্দ্রের ৮১টি বিদ্যালয়ে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। আমবাসার চান্দ্রাইপাড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয় এবং রাজনগরের রাজনগর কলোনী দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে এবার প্রথম উচ্চতর মাধ্যমিক পরীক্ষা কেন্দ্র খোলা হয়েছে। উচ্চতর মাধ্যমিক পরীক্ষা গত ১ মার্চ শুরু হয়েছে। চলবে ৩ এপ্রিল পর্যন্ত। তাছাড়া ফাজিল (খিওলোজি ও আর্টস) পরীক্ষাও ১ মার্চ শুরু হয়েছে। চলবে ৩০ মার্চ পর্যন্ত।

সাংবাদিকদের প্রশ্নের উত্তরে ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি ড. ভবতোষ সাহা জানান এবার পরীক্ষার্থীদের খাতা নির্ভুলভাবে মূল্যায়ন করার জন্য বোর্ডের পক্ষ থেকে বিভিন্ন পদক্ষেপ নেওয়া হচ্ছে। আগামী ২৮ থেকে ৩০ মার্চ এই তিনদিন নজরুল কলাক্ষেত্রে উভয় পরীক্ষার খাতা মূল্যায়নকারী শিক্ষক-শিক্ষিকাদের নিয়ে কর্মশালা অনুষ্ঠিত হবে। প্রায় ৩৫০০ জন শিক্ষক-শিক্ষিকা এবার পরীক্ষার খাতার মূল্যায়নের কাজে নিযুক্ত থাকবেন। আগামী ২৪ এপ্রিল থেকে খাতার মূল্যায়নের কাজ শুরু হবে। ১০ জুনের মধ্যে সব পরীক্ষার ফলাফল ঘোষণা করার উদ্যোগ নেওয়া হয়েছে।

এই সাংবাদিক সম্মেলনে এছাড়াও উপস্থিত ছিলেন পর্ষদ সচিব ড. স্বপন কুমার পোদ্দার, উপ-সচিব প্রদীপ সেনগুপ্ত, বিক্রমজিৎ দেববর্মা ও সুভাষী চৌধুরী।

\*\*\*\*\*